রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

## বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের জুলাই ,২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের জুলাই,২০১৮ মাসের মাসিক সভা ২৭/০৭/২০১৮ ইং তারিখ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মো: সেলিম ভুঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগন উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ ,গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মপরিকল্পনার উপর আলোচনা | মন্ত্রণালয় নির্দেশিত ছক মোতাবেক আরপিসিএল এর ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নতুন অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তদের আরও সক্রিয় ভূমিকা পালনের পাশাপাশি কর্মপরিকল্পনা মোতাবেক সকল রিপোর্ট সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল |
| ২ | আইডিয়া বাছাই সাব- কমিটি গঠন | আরপিসিএল এর কর্মকর্তাদের নিকট হতে ৬৫ টি আইডিয়া পাওয়া যায়। প্রাপ্ত আইডিয়াসমুহ হতে ১০ টি আইডিয়া বাছাই করার লক্ষ্যে একটি সাব- কমিটি গঠনের প্রস্তাব করা হয়।বাছাইকৃত ১০ টি হতে পরবর্তিতে চূড়ান্তভাবে ৫ টি আইডিয়া বাছাই করা হবে। | নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি সাব- কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১। কামাল হোসেন<br>ব্যবস্থাপক (মানবসম্পদ)<br>২। শহীদুল ইসলাম<br>(উপ- বিভাগীয় প্রকৌশলী)<br>৩। মোঃ আব্দুল বাতেন<br>( সহকারী ব্যবস্থাপক )<br>৪। মোঃ সারোয়ার জাহান<br>( সহকারী ব্যবস্থাপক)<br>সাব - কমিটি আগামী ৩০.০৭.২০১৮ ইং তারিখের মধ্যে আইডিয়াসমূহ বিশদভাবে পর্যালোচনা করে ১০ টি আইডিয়া ইনোভেশন অফিসার এর নিকট জমা প্রদান করবেন । | সাব- কমিটির সদস্যবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ওয়ার্কশপ আয়োজন | বিদ্যুৎবিভাগ আয়োজিত ইনোভেশন শোকেসিং-২০১৮এর বিচারকমন্ডলীগন "সহজে বিল প্রাপ্তি" আইডিয়াটিকে রেপ্লিকেশন করার জন্য মনোনীত করেন। উক্ত আইডিয়াটি আরপিসিএল সদর দপ্তরে পূর্ণাংগভাবে চালু ও আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র সমূহে রেপ্লিকেশন করার লক্ষ্যে আরপিসিএল ও বিভিন্ন সরবারহকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বয়ে ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | আইডিয়াটি পূর্ণাংগ ও কার্যকরীরুপে চালু করার লক্ষ্যে আরপিসিএল ও বিভিন্ন সরবারহকারী/সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমন্বয়ে দুইটি পৃথক ওয়ার্কশপ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | শহীদুল ইসলাম উপ- বিভাগীয় প্রকৌশলী, আরপিসিএল |
| ৪ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | উদ্ভাবনী কাজের সমন্বয় সাধন, সহায়ক পরিবেশ ও পারস্পারিক সহযোগিতার মাধ্যমে উদ্ভাবনী কাজের গতিশীলতা আনায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আইডিয়া বাছাই হওয়ার পরে আইডিয়ার সাথে সামঞ্জস্যপূর্ন প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৭/২০১৮

(মোঃ সেলিম ভূঁইয়া)
ইনোভেশন অফিসার
ও
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩.৭০৭ তারিখঃ ২৪/০৭/২০১৮ ইং

সংযুক্তি ঃ

১. আরপিসিএল এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮- ২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ- সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রনালয়, ঢাকা। ।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্রগ্রাম।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) ঃ

১. **ইনোভেশন অফিসার,** আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২. আইডিয়া বাছাই সাব- কমিটির সকল সদস্য। (আলোচ্যসূচী- ২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৩. শহীদুল ইসলাম, উপ- বিভাগীয় প্রকৌশলী, আরপিসিএল, ঢাকা। আলোচ্যসূচী-৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিবেন
৪. সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন,কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই- মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন )

অদ্য ২৩-০৭-২০১৮ তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকায় ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নাম ও সাক্ষরঃ

| ক্রঃ নং | নাম, পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মোঃ সেলিম ভুঁইয়া<br>নির্বাহী পরিচালক, প্রকৌশল,<br>ইনোভেশন অফিসার,ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০২। | প্রলয় কুমার সাহা<br>জেনারেল ম্যানেজার (হিসাব/অর্থ) এবং<br>নির্বাহী পরিচালক, অর্থ (অঃ দাঃ),<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৩। | কামাল হোসেন<br>ব্যবস্থাপক (মানব সম্পদ),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৪। | শহীদুল ইসলাম<br>উপ- বিভাগীয় প্রকৌশলী,<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৫। | মোঃ আব্দুল বাতেন<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৬। | মোঃ সারোয়ার জাহান<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |